গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.২৬-২৪৫১

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের জন্য পাশে বর্ণিত যোগ্যতা সম্পন্ন **সকল জেলার প্রার্থী এবং প্রকৃত বাংলাদেশি নাগরিকদের** নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	যোগ্যতা
১.	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (১৩তম গ্রেড) বেতনস্কেল-২৪,০০০-৫৮,০০০/-	০১ (এক)-টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; (গ) সাঁট-মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০ শব্দ; (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দসহ কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। (ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
২.	স্টাফ ফটোগ্রাফার (১৪তম গ্রেড) বেতনস্কেল-২৩,৫০০-৫৬,৮০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে আলোকচিত্র বিদ্যায় ডিপ্লোমা এবং চিত্র গ্রাহক হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
৩.	ড্রাফ্‌ট্‌স ম্যান (১৪তম গ্রেড) বেতনস্কেল-২৩,৫০০-৫৬,৮০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হইতে ড্রাফট্‌সম্যানশিপ বিষয়ে ডিপ্লোমা থাকিতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৪.	থানা/উপজেলা প্রশিক্ষক (১৫তম গ্রেড) বেতনস্কেল-২২,৮০০-৫৫,২০০/-	৭৬ (ছিয়াত্তর)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-৪", এবং বুকের মাপ ন্যূনতম ৩০"-৩২"; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেতাদের অগ্রাধিকার দেওয়া হইবে। *** নিয়োগবিধি অনুযায়ী এই পদে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।**
৫.	উপজেলা/থানা মহিলা প্রশিক্ষিকা (১৫তম গ্রেড) বেতনস্কেল-২২,৮০০-৫৫,২০০/-	৯৩ (তিরানব্বই)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট; তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিয়ন দলনেত্রীদের অগ্রাধিকার দেওয়া হইবে। *** নিয়োগবিধি অনুযায়ী এই পদে শুধু মহিলা প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।**
৬.	গাড়িচালক (ভারী) (১৫তম গ্রেড) বেতনস্কেল-২২,৮০০-৫৫,২০০/-	১০ (দশ)-টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ড্রাইভিং লাইসেন্স: (আ) গ্রেড-১৫-এর ক্ষেত্রে: ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন।
৭.	প্রুফ রিডার (১৬তম গ্রেড) বেতনস্কেল-২১,৯০০-৫২,৯০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৮.	অফিস সহকারী (১৬তম গ্রেড) বেতনস্কেল-২১,৯০০-৫২,৯০০/-	০২ (দুই)-টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দসহ কম্পিউটার এপটিচিউড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। (খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
৯.	ইলেকট্রিশিয়ান (১৬তম গ্রেড) বেতনস্কেল-২১,৯০০-৫২,৯০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ট্রেডকোর্স সনদপত্র এবং "সি" লাইসেন্সহোল্ডার হইতে হইবে।
১০.	বুট মেকার (১৭তম গ্রেড) বেতনস্কেল-২১,৪০০-৫১,৯০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১১.	প্লাম্বার (১৮তম গ্রেড) বেতনস্কেল-২১,০০০-৫০,৯০০/-	০২ (দুই)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন হইতে হইবে, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।

CamScanner

ক্রম	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা	যোগ্যতা
১২.	ব্যান্ডস্ ম্যান (১৯তম গ্রেড) বেতনস্কেল-২০,৫০০-৪৯,৬০০/-	২২ (বাইশ)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-৪", এবং বুকের মাপ কমপক্ষে ৩০"-৩২", তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। * **নিয়োগবিধি অনুযায়ী এই পদে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।**
১৩.	মহিলা ব্যান্ড (১৯তম গ্রেড) বেতনস্কেল-২০,৫০০-৪৯,৬০০/-	০৪ (চার)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ দৈহিক উচ্চতা (কমপক্ষে) ৫'-২", তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যাদের অগ্রাধিকার দেওয়া হইবে। * **নিয়োগবিধি অনুযায়ী এই পদে শুধু মহিলা প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।**
১৪.	মালী (২০তম গ্রেড) বেতনস্কেল-২০,০০০-৪৮,৪০০/-	০১ (এক)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ বাগান পরিচর্যার কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১৫.	বাবুর্চী (২০তম গ্রেড) বেতনস্কেল-২০,০০০-৪৮,৪০০/-	০২ (দুই)-টি	কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ রন্ধন বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
১৬.	অফিস সহায়ক (২০তম গ্রেড) বেতনস্কেল-২০,০০০-৪৮,৪০০/-	১০ (দশ)-টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাইসাইকেল চালনায় পারদর্শী; তবে শর্ত থাকে যে, নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্যগণ অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন।

শর্তাবলি:

১. আবেদনকারীগণকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট www.ansarvdp.gov.bd-এ প্রবেশ করে **গুরুত্বপূর্ণ লিংক**-এর আওতায় ১৩-২০তম গ্রেডের কর্মচারী নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন করতে হবে।

অনলাইনে আবেদন করার নিয়ম/পদ্ধতি:

২. (ক) ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) অথবা যে কোনো অনলাইন সুবিধা সম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইট (www.ansarvdp.gov.bd)-এ ১৩-২০তম গ্রেডে কর্মচারী নিয়োগ লিংকে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। **উক্ত লিংকটি ০৯/১০/২০২৬ তারিখ হতে ২৯/১০/২০২৬ তারিখ পর্যন্ত সক্রিয় থাকবে।**

(খ) আবেদন ফি (অফেরতযোগ্য) নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-০১ হতে ০৯ পর্যন্ত ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নম্বর-১০ হতে ১৬ পর্যন্ত ৫০/-(পঞ্চাশ) টাকা অনলাইনে আবেদন পোর্টালে প্রদর্শিত মানি ট্রান্সফার পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

(গ) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত যে কোনো জটিলতায় প্রতিদিন সকাল ১০.০০ টা হতে রাত ১০.০০ টার মধ্যে **১৬৫০০** এই ফোন নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে অনলাইন হতে আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। যথাসময়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার তারিখ ও প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অবহিত করা হবে।

(ঘ) আবেদনকালে প্রার্থীর নিজ মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে প্রবেশপত্র ডাউনলোড করতে প্রয়োজন হবে।

(ঙ) পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র প্রদর্শন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো ক্রমেই পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

৩. লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদির ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি এবং মূল কপি মৌখিক/ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/স্বাস্থ্য পরীক্ষার সময় সাথে আনতে হবে;

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল ও সাময়িক সনদপত্র;

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র;

(ঙ) (১) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার মূল/সাময়িক সনদপত্র; এবং

(২) 'আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান' এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ;

(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে কোটার সপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র;

(ছ) প্রার্থী ক্ষুদ্র-নৃগোষ্ঠী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(জ) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড-এর কপি;

CamScanner

(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতার সনদপত্র; এবং

(ঞ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র পূরণের সময় কোনো সরকারি, আধা-সরকারি,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে **বর্তমানে কর্মরত** অপশনে **হ্যাঁ/না** নির্বাচন করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৪. **প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অর্থাৎ ০৯/১০/২০২৬ খ্রি.-এ ন্যূনতম ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে। বয়সের ব্যাপারে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

৫. বিধি মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

৬. লিখিত, ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৭. **এ নিয়োগ প্রক্রিয়া চলমান অবস্থায় সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা পদ্ধতি, বয়স এবং অন্য কোনো বিষয়ে কোনো প্রকার আদেশ জারি হলে তা যথাযথভাবে অনুসরণ করা হবে।**

৮. নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীর আবেদনে প্রদত্ত কোনো তথ্য ভুল প্রমাণিত হলে কিংবা প্রার্থী কোনো ভুয়া/অসত্য তথ্য দাখিল করলে তার আবেদনপত্র/নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯. সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী এবং গাড়িচালক (ভারী) পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যাবহারিক পরীক্ষায় এবং ব্যাবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১০. অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

১১. অনলাইনে আবেদনকারীর সঠিক জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করতে হবে। জাতীয় পরিচয়পত্রের নম্বর যাচাইকালে ভুল প্রমাণিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ আবেদনকারীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা রাখে।

১২. **আবেদন করার শেষ সময় ২৯/১০/২০২৬ তারিখ।**

১৩. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৫. বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

08/10/2025

পরিচালক (রেকর্ড) ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।

CamScanner